

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
মৎস্য ভবন, রমনা, ঢাকা  
আইসিটি শাখা  
www.fisheries.gov.bd

নম্বর ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭.৬৪

তারিখ ৯ আশ্বিন ১৪২৫  
২৪ সেপ্টেম্বর ২০১৮

বিজ্ঞপ্তি/নোটিশ

মৎস্য অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্যগণের অংশগ্রহণে সেপ্টেম্বর/২০১৮ খ্রিঃ তারিখের ইনোভেশন সভার কার্যবিবরণী।

সভাপতি	: মোঃ মনোয়ার হোসেন : উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) এবং ইনোভেশন অফিসার
সভার তারিখ	: ০৬/০৯/২০১৮খ্রি.
সভার সময়	: বিকাল ৩.০০ ঘটিকায়
স্থান	: উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) অফিস কক্ষ।

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত আছে। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**১। মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম পর্যালোচনা :**

সভাপতি উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) ও সদস্য সচিব এর নিকট মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) জনাব মোঃ বদিউল আলম সুফল সভায় জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর লক্ষ্যমাত্রা/নির্ণায়ক অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এখন পর্যন্ত মৎস্য অধিদপ্তরের ইনোভেশন বিষয়ক অবস্থান সন্তোষজনক বলা যেতে পারে। তবে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য অন্যান্য শাখার সহযোগিতা প্রয়োজন।

**২। মাঠ পর্যায়ের উদ্ভাবনী আইডিয়া আহ্বান এবং প্রস্তাবকৃত উদ্যোগ পর্যালোচনাঃ**

উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) সভায় জানান যে, বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০১৮-১৯ মোতাবেক ৪নং অনুচ্ছেদ অনুযায়ী মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে উদ্ভাবনী ধারণা বা উদ্যোগ আহ্বান করা হয়েছে। উল্লেখ্য যে, সার্ভিস প্রসেস সিমুলিফিকেশন (SPS) এর আওতায় মৎস্য অধিদপ্তরের আইসিটি সেকশন ইনোভেটিভ পদ্ধতিতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা জমা নেয়া হচ্ছে। উক্ত কর্মপরিকল্পনার ৪.১.১ অনুসারে উদ্ভাবনী উদ্যোগের তালিকা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত হয়েছে। এছাড়াও ৪.২.১ অনুসারে আইডিয়া ব্যাংকে মৎস্য অধিদপ্তরের ৭টি উদ্যোগ জমা করা হয়েছে। এছাড়াও কর্মকর্তাগণের নিকট হতে আইডিয়া আহ্বান অব্যাহত রয়েছে যাতে করে কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা/নির্ণায়ক অনুযায়ী যথাসময়ে কার্যক্রম বাস্তবায়ন করা যায়।

**৩. ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পর্যালোচনাঃ**

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনার ১.১.১ এবং ১.৩.১ নং অনুচ্ছেদ ইতোমধ্যেই বাস্তবায়ন হয়েছে। উল্লেখ্য যে, ১.২.১ অনুচ্ছেদের কার্যক্রম মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত হয়েছে। অনুচ্ছেদ ২.১ মোতাবেক ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। এছাড়া ইনোভেশন সংক্রান্ত সকল কার্যক্রম সঠিকভাবে সম্পাদিত হচ্ছে।

## ৪. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনা :

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, বিগত ০৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখের ইনোভেশন টিমের সভায় ৬টি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে মর্মে সদস্য সচিব সভাকে অবহিত করেন।

## ৫. বিবিধ আলোচনা :

ক) উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, বেশিরভাগ কর্মকর্তা/কর্মচারী ফেসবুকে অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে পোস্ট দিয়ে থাকে। এ বিষয়টি লক্ষ্য রেখে মৎস্য অধিদপ্তরের আইসিটি শাখা, ICT Section, Department of Fisheries নামে ফেসবুকে একটি গ্রুপ খুলে। এ গ্রুপের মাধ্যমে আইসিটি শাখা মৎস্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের আইসিটি বিষয়ক বিভিন্ন সমস্যার তাৎক্ষণিক সেবা দিয়ে থাকেন। এর মধ্যে উল্লেখযোগ্য সেবা হল পিডিএস আপডেটকরণ, পিএমআইএস আপডেটকরণ, ডিজিটাল ফোনবুক আপডেটকরণ, ওয়েবমেইলের বিভিন্ন সমস্যা সমাধান উল্লেখযোগ্য।

সভার উপস্থিত সদস্যগণ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেন।

## সিদ্ধান্তসমূহ:

- ১। সভাপতি সভায় জানান যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যাদি যথাসময়ে সম্পন্ন করতে হবে;
- ২। মাঠ পর্যায়ে আহবানকৃত উদ্ভাবন আইডিয়াসমূহ একীভূত করে পরবর্তী ইনোভেশন সভায় উপস্থাপন এবং পরবর্তী করণীয় সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা হবে;
- ৩। ২৮-০২-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত শোকেসিং কর্মশালার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে বর্তমানে আহবানকৃত আইডিয়ার উদ্ভাবকগণ এবং পূর্ববর্তী উদ্ভাবকগণের সমন্বয়ে প্রশিক্ষণ কর্মশালার আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি শাখাকে অনুরোধ জানানো হয়;
- ৪। ফেসবুক গ্রুপের মাধ্যমে সেবা প্রদানের বিষয়টি কর্মকর্তাদের মূল দায়িত্বের অতিরিক্ত। তাই এ বিষয়টি উত্তম চর্চা বলা যেতে পারে। এ ধরনের সেবা অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৪-৯-২০১৮

মোঃ মনোয়ার হোসেন

উপপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ২) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
- ৩) উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৪) সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৫) সহকারী পরিচালক (অর্থ), বাজেট শাখা, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৬) সহকারী পরিচালক, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৭) সহকারী পরিচালক, বাস্তবায়ন শাখা, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৮) প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, সম্প্রসারণ শাখা, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৯) গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।